

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫১৬১

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

### الفصل الاول

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «تَعَسَّ عَبْدُ الدِّينَارِ وَعَبْدُ الدَّرْهِمِ وَعَبْدُ الْخَمِيسَةِ إِنْ أُعْطِيَ رَضِيَ وَإِنْ لَمْ يُعْطَ سَخِطَ تَعَسَّ وَانْتَكَسَ وَإِذَا شَيْكَ فَلَا انْتِقَشَ. طُوبَى لِعَبْدٍ أَخَذَ بَعْنَانَ فَرَسِهِ فِي سَبِيلِ اللَّهِ أَشْعَثُ رَأْسُهُ مُغَبَّرَةً قَدَمَاهُ إِنْ كَانَ فِي الْحِرَاسَةِ كَانَ فِي الْحِرَاسَةِ وَإِنْ كَانَ فِي السَّاقَةِ كَانَ فِي السَّاقَةِ وَإِنْ اسْتَأْذَنَ لَمْ يُؤْذَنَ لَهُ وَإِنْ شَفَعَ لَمْ يَشْفَعْ». رَوَاهُ الْبُخَارِيُّ

رواه البخارى (2887) -

(صَحِيح)

বাংলা

৫১৬১-[৭] উক্ত রাবী [আবু হুরায়রাহ (রা.)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) বলেছেন : ধ্বংস হোক দীনারের গোলাম, দিরহামের গোলাম, উত্তম পোশাকের গোলাম। যদি তাকে দেয়া হয় তবে সন্তুষ্ট হয়; আর না দেয়া হলে অসন্তুষ্ট হয়। সে ধ্বংস হোক, অধঃপতিত হোক যদি তার পায়ে কাঁটা বিধে তবে তা যেন খুলে দেয়ার মতো কেউ না থাকে। আর ঐ বান্দার জন্য সুসংবাদ, যে ঘোড়ার লাগাম ধরে আল্লাহর পথে (জিহাদের জন্য) প্রস্তুত রয়েছে, যার চুল বিক্ষিপ্ত, দু পা ধূলি-মিশ্রিত। তাকে পাহারার কাজে নিয়োজিত করা হলে সে পাহারারত থাকে। আর তাকে সৈন্যদলের পশ্চাতে নিয়োজিত করলে পশ্চাতে থাকে কারো সাক্ষাতের অনুমতি চাইলে তাকে অনুমতি দেয়া হয় না। কারো জন্য সুপারিশ করলে তা কবুল করা হয় না (বুখারী)

ফুটনোট

সহীহঃ বুখারী ৬৪৮৭, ইবনু মাজাহ ৪১৩৫, সহীহুল জামি ২৯৬২, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ১২২৫,

সহীহ ইবনু হিব্বান ৩২১৮, শু'আবুল ঈমান ১৩৩, আল মু'জামুস সগীর লিত্ব তবারানী ৪২২, আল মুজামুল আওসাত ২৫৯৫, আস সুনানুল কুবরা লিল বায়হাকী ১৮৯৬৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : (تَعَسَّ عَبْدُ الدِّينَارِ) উল্লেখিত হাদীসাংশে 'আল্লামাহ্ খলীল (রহিমাহুল্লাহ) বলেন, (التَّعَسَّى) শব্দের অর্থ হলো এমন হোঁচট খাওয়া যা থেকে আর সুস্থ হওয়া যায় না। বলা হয়েছে, (تَعَسَّى) অর্থ অকল্যাণ। আবার কেউ বলেন, ধ্বংস। আবার বলা হয়েছে, উপড় হয়ে পড়ে যাওয়া। আবার কেউ বলেন, এর অর্থ হলো। সঠিক যুক্তি ও প্রমাণ উপস্থাপনে ব্যর্থ হওয়া।

সম্পদের লোভে আসক্ত হয়ে দীনের কাজ ছেড়ে দিয়ে দুনিয়া নিয়ে ব্যস্ত হয়ে পড়া একটি ঘৃণিত কাজ সে সম্পদ যাই হোক না কেন। কিন্তু হাদীসে দীনার (স্বর্ণ মুদ্রা) ও দিরহাম (রৌপ্য মুদ্রা) বিশেষভাবে উল্লেখ করার কারণ হলো এ দুটো এমন বস্তু বা মুদ্রা যা দ্বারা সর্বপ্রকার মনের খায়েশ পূর্ণ করা যায় এবং শয়তানের উদ্দেশ্য এতে সম্পন্ন হয়। অনুরূপভাবে খামীসাহ্ (রেশমী কাপড়)-এর উল্লেখ করার কারণ হলো অধিকাংশ ক্ষেত্রে তা পরিধান করা হয় অহংকার প্রকাশ করা ও সুখ্যাতি অর্জনের জন্য। আর যখন মন সম্পূর্ণভাবে এ কাজের প্রতি ঝুঁকে পরে তখন তা হতে আর ফিরতে পারে না যেন সে তার গোলামে পরিণত হয়েছে।

(إِذَا شَيْئَكَ فَلَا أَنْتَفُشَ) যখন তার কোন অঙ্গে কাঁটা বিদ্ধ হয় তখন তা আর বের করা যায় না। অর্থাৎ দয়া করা হয় না এবং সে নিজেও ঐ বিপদ থেকে বেরিয়ে আসতে অক্ষম। মূলত হাদীসে এ বাক্যটি দুনিয়া লোভীদের জন্য বদদু'আ।

(كَانَ فِي الْحِرَاسَةِ) এখানে বলা হয়েছে, (إِنْ كَانَ فِي الْحِرَاسَةِ كَانَ فِي الْحِرَاسَةِ) এর অর্থ হলো, সে পাহারার সাওয়াব অর্জনে নিযুক্ত থাকে। আবার কারো মতে, এটা অনেক মর্যাদার কাজ এটা বুঝাতে ব্যবহার হয়েছে। তখন অর্থ হবে, যদি সে পাহারার দায়িত্বে নিযুক্ত থাকে তাহলে সে যেন অত্যন্ত মহৎ কাজে নিযুক্ত রয়েছে। এ প্রসঙ্গে ইবনুল জাওয়াযী (রহিমাহুল্লাহ) বলেন : এর অর্থ হলো, সে আল্লাহর যিক্রে অমনোযোগী। তিনি মর্যাদাকে উদ্দেশ্য করেননি। তাঁর মতে তাকে পাহারায় রাখা হলে সে ঐ কাজেই স্থির থাকে আর যদি সে মিছিলে থাকে তাহলে সে ঐ কাজেই রত থাকে।

(ফাতহুল বারী ৬ষ্ঠ খণ্ড, হা. ২৮৮৭; শারহ ইবনু মাজাহ ৩য় খণ্ড, হা. ৪১৩৫; মিশকাতুল মাসাবীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85141>

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন